# দিমাগ

শরবত দিমাগী

**বিবরণঃ**

দিমাগ সিরাপ অতি মূল্যবান হার্ব দ্বারা তৈরী প্রাকৃতিক ব্রেইন টনিক। এতে রয়েছে গাওজবান, ধনিয়া, রেশম গুটি, লাল বামন, সাদা বামন, শ্বেতচন্দন ইত্যাদি উপাদান, যা হৃৎপিন্ড ও মস্তিষ্কের শক্তিদায়ক ও স্মরণশক্তি বৃদ্ধিকারক হিসেবে কাজ করে। দিমাগ সিরাপ মানসিক দুর্বলতা, দৃষ্টিশক্তির দুর্বলতা, শারীরিক দুর্বলতা, অবসাদ ও ক্লান্তি দূর করে, মনে প্রশান্তি ফিরিয়ে আনে।

**উপাদানঃ** প্রতি ৫ মিলি দিমাগ সিরাপ এ জলীয় নির্যাস আকারে আছে ঃ

| ক্রমিক | উপাদান | বৈজ্ঞানিক নাম | পরিমাণ |
|---|---|---|---|
| ১ | গাওজবান | *Borago officinalis* | ০.১৫ গ্রাম |
| ২ | গুলে গাওজবান | *Borago officinalis* | ০.১০ গ্রাম |
| ৩ | ধনিয়া | *Coriandrum sativum* | ০.১০ গ্রাম |
| ৪ | রেশম গুটি | *Bombyx mori* | ০.১০ গ্রাম |
| ৫ | লাল বামন | *Salvia haematodes* | ০.১০ গ্রাম |
| ৬ | সাদা বামন | *Centaurea behen* | ০.১০ গ্রাম |
| ৭ | শ্বেতচন্দন | *Sentalaum album* | ০.১০ গ্রাম |
| ৮ | তোকমা | *Lailemantia royleana* | ০.১০ গ্রাম |
| ৯ | তুলসি | *Ocimum sanctum* | ০.১০ গ্রাম |
| ১০ | বাদরঞ্জবূয়া | *Nepeta hindostana* | ০.১০ গ্রাম |

সূত্রঃ সিরাপ দিমাগী, বা.জা.ই.ফ.।

**ফার্মাকোলজিঃ**

**গাওজবান** এড্রেনাল গ্রন্থির নিঃসরণকে স্বাভাবিক করার মাধ্যমে স্ট্রেস ও মানসিক চাপ কমাতে সাহায্য করে। গাওজবানে রয়েছে গামা লিনোলিক এসিড ও এসেনসিয়াল ফ্যাটি এসিড যা হৃদরোগের ঝুঁকি কমায়। **রেশম গুটি** হৃৎপিন্ডের শক্তিবর্ধক ও উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণ করে। **লাল বামন** স্নায়বিক শক্তিবর্ধক হিসেবে কাজ করে এবং দেহে রক্ত সংবহন স্বাভাবিক রাখার মাধ্যমে উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণ করে ও হৃৎপিন্ডের রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধি করে। **তোকমা** শীতল ও প্রশান্তিকারক হিসেবে কাজ করে হার্টের পালপিটেশন কমাতে সাহায্য করে। **তুলসি** রক্তের গ্লুকোজের পরিমাণ, কোলেস্টেরলের পরিমাণ কমানোর মাধ্যমে উচ্চরক্তচাপ নিয়ন্ত্রণ করে এবং স্ট্রেস কমায়। **বাদরঞ্জবূয়াতে** রয়েছে ট্রাইটারপিনয়েড নিপিথিন, নিপিডিনল ও ট্রাইটারপিনিক এসিড, যা হার্টের বিভিন্ন সমস্যা যেমন- হৃদযন্ত্রের দুর্বলতা, এনজাইনাতে কার্যকরী।

**রোগ নির্দেশনাঃ** মানসিক দুর্বলতা, বিষাদ, হৃদযন্ত্রের দুর্বলতা, হৃদকম্প।

**সেবনমাত্রা ও সেবনবিধিঃ**

প্রাপ্ত বয়স্কঃ ১০-২০ মিলি (২-৪) চা চামচ দৈনিক ১-২ বার

অপ্রাপ্ত বয়স্কঃ ৫-১০ মিলি (১-২) চা চামচ দৈনিক ১-২ বার, অথবা চিকিৎসকের নির্দেশ অনুযায়ী সেব্য।

**পার্শ্ব প্রতিক্রিয়াঃ** কোন পার্শ্ব প্রতিক্রিয়া বা অন্য ঔষধের সাথে মিশ্র প্রতিক্রিয়া পরিলক্ষিত হয় নি।

**প্রতিনির্দেশনাঃ** প্রতিনির্দেশনা পরিলক্ষিত হয়নি, তবে এ ফর্মূলায় ব্যবহৃত যে কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীল রোগীর ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

**গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহারঃ** গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহারে তেমন কোন তথ্য নেই।

**সংরক্ষণঃ** সরাসরি আলো থেকে দূরে, শীতল ও শুষ্ক জায়গায় সংরক্ষণ করুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

প্যাকিংঃ প্রতিটি পেট বোতলে রয়েছে ১০০ মিলি, ২০০ মিলি, ৪৫০ মিলি সিরাপ দিমাগ।

IBN SINA

প্রস্তুতকারকঃ

দি **ইবনে সিনা** ন্যাচারাল মেডিসিন লিঃ

(ইউনানী বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।